

ক্যান্টনমেন্ট বোর্ড  
জালালাবাদ সেনানিবাস  
সিলেট।  
[www.jcbs.gov.bd](http://www.jcbs.gov.bd)

নং-২৩.২২.৭০১৩.০০২.১৮.০০২.১৬-৭৩৩

২৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ:-  
১২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নকরণ।

সূত্র : জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সিলেট স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০১৪.৩১.০৭৬.২৩.১৭৫৫; তারিখঃ ০৪-১২-২০২৪ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের পরিপ্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ২৩ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ০৩.০০ ঘটিকা পর্যন্ত জালালাবাদ ও সিলেট সেনানিবাস এলাকায় কর্মরত/বসবাসরত সশস্ত্র বাহিনীর সদস্যদের ব্যক্তিগত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ২০২৫ সনের জন্য নবায়নের লক্ষ্যে জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট কর্তৃক একজন বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে।

২.০ উল্লেখ্য যে, লাইসেন্স নবায়নের ক্ষেত্রে আবেদনের নমুনা ফরম, বিজ্ঞপ্তি ও অন্যান্য তথ্যাদি জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হতে সংগ্রহ করা যাবে। আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নের নিমিত্ত আবেদনের নমুনা ফরম অত্র পত্রের সাথে সংযুক্ত করা হলো। লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত তথ্যাদি প্রয়োজন হবে।

ক। জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট বরাবর আবেদন।

খ। মূল লাইসেন্স এবং লাইসেন্সের ফটোকপি।

গ। গুলিবিহীন অবস্থায় আগ্নেয়াস্ত্র অথবা আগ্নেয়াস্ত্র থানা/মালখানা/সেনাবাহিনীর কোতে/উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট জমা থাকলে প্রমাণ হিসেবে জমার রশিদ/জিডি'র কপি সঙ্গে আনতে হবে।

৩.০ বর্ণিতাবস্থায়, উক্ত বিষয়টি স্টেশন সার্কুলারের মাধ্যমে সকল ইউনিট/সংস্থা সমূহে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১. সূত্রেলিখিত পত্র- ০২(দুই) পাতা।

২. আবেদনপত্র- ০১(এক) পাতা।

  
২২/১২/২০২৪

(নূসরাত লায়লা নীরা)


ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

জালালাবাদ ক্যান্টনমেন্ট, সিলেট।

ফোন : ৮৮০২৯৯-৬৬৪২৬৭২, ৯১৭-৩১৬২ (সামরিক)

ফ্যাক্স : ৮৮০২৯৯-৬৬৪২৭২১

E-mail: ceo\_jalalabad@dmlc.gov.bd

  
২২/১২/২৪

স্টেশন সদর দপ্তর সিলেট

সিলেট সেনানিবাস।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।

১. এরিয়া সদর দপ্তর সিলেট  
সিলেট সেনানিবাস।

২. সদর দপ্তর ১৭ পদাতিক ডিভিশন  
সিলেট সেনানিবাস।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

১. অফিস সুপার  
ক্যান্টনমেন্ট বোর্ড, জালালাবাদ সেনানিবাস।

- বিষয়টি সমন্বয় করার জন্য।

২. নোটিশ বোর্ড  
ক্যান্টনমেন্ট বোর্ড, জালালাবাদ সেনানিবাস।

- নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য।